যুগান্তর

NOV. 20 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ব্রিটিশ কাউন্সিলে শিশুদের ইংরেজি শিক্ষা কোর্স

ধানমন্ডিতে অবস্থিত ব্রিটিশ কাউন্সিল শিক্ষা কেন্দ্র রমজানের সময় শিশুদের ইংরেজি শিক্ষা কোর্স চালু করেছে। এতে অংশগ্রহণে ইচ্ছুক ৮০ থেকে ১৪ বছর বয়সী শিশুরা আগামী বৃস্পতিবার পর্যন্ত প্রতিদিন দুপুর ১২টা থেকে ২টা এবং শনিবার সকাল ৯টা থেকে ১২টার মধ্যে নাম রেজিস্ট্রেশন করতে পারবে। এ সময় হরতাল হলে নাম রেজিস্ট্রেশন বন্ধ থাকবে।

আগামী ২৫ নভেম্বর তিন সপ্তাহের এই কোর্স শুরু হবে। শেষ হবে ১২ ডিসেম্বর। সপ্তাহে রোববার, মঙ্গলবার ও বুধবার সকালে অথবা বিকালে ক্লাস হবে। জনপ্রিয় চলচ্চিত্র, খেলা ও শিক্ষার্থী কার্যক্রমের মাধ্যমে শিশুদের ইংরেজি কথা বলা ও লেখায় আত্মবিশ্বাসী করে তোলা এবং ব্যাকরণ ও শব্দভাণ্ডার উন্নত করাই এই কোর্সের মূল উদ্দেশ্য। কোর্সের বিস্তারিত তথ্য জানার জন্য ব্রিটিশ কাউন্সিল শিক্ষা কেন্দ্রের (ফোন : ৯১১৬১৭১, ৯১১৬৫৪৫) সঙ্গে যোগাযোগ করতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।